

মসজিদেরই পাশে আমার

কাজী নজরুল ইসলাম

মসজিদেরই পাশে আমার কবর দিও ভাই ।

যেন গোরে থেকেও মোয়াজিনের আজান শুনতে পাই ॥

আমার গোরের পাশ দিয়ে ভাই নামাজীরা যাবে,

পবিত্র সেই পায়ের ধূনি এ বান্দা শুনতে পাবে ।

গোর -আজাব থেকে এ গুনাহগার পাইবে রেহাই ॥

কত পরহেজগার খোদার ভক্ত নবীজীর উম্মত

ঐ মসজিদে করে রে ভাই, কোরান তেলাওয়াত ।

সেই কোরান শুনে যেন আমি পরান জুড়াই ॥

কত দরবেশ ফকির রে ভাই, মসজিদের আঙিনাতে

আল্লার নাম জিকির করে লুকিয়ে গভীর রাতে,

আমি তাদের সাথে কেঁদে কেঁদে

আল্লাহ নাম জপতে চাই ॥